

কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের স্ত্রী ২ দিনের রিমান্ডে

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ২১:৫২, ২১ এপ্রিল ২০২৪



গ্রেপ্তার সেহেলা পারভীন।

সার্টিফিকেট জালিয়াত চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে গ্রেপ্তার বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. আলী আকবর খানের স্ত্রী সেহেলা পারভীনের দুদিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত।

UNIBOTS



রবিবার (২১ এপ্রিল) তাকে আদালতে হাজির করে পুলিশ। এরপর মামলাটির তদন্ত কর্মকর্তা লালবাগ গোয়েন্দা বিভাগের পরিদর্শক মো. আমিরুল ইসলাম পাঁচদিনের রিমান্ড চেয়ে আবেদন করেন। অন্যদিকে আসামিপক্ষের আইনজীবীরা রিমান্ড বাতিল চেয়ে জামিন আবেদন করেন। উভয় পক্ষের শুনানি শেষে ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট তোফাজ্জল হোসেন তার জামিন আবেদন নামঞ্জুর করে দুদিনের রিমান্ড মঞ্জুর করেন।

জানা যায়, কারিগরি বোর্ডের সনদ বাণিজ্য মামলার প্রধান আসামি এ টি এম শামসুজ্জামান এবং সহযোগী আসামি সানজিদা আক্তার ওরফে কলি স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। এই জবানবন্দির ভিত্তিতে সেহেলা পারভীনকে শনিবার জিজ্ঞাসাবাদের জন্য ডিবিতে আনা হয়েছে। এরপর তাকে সেখান থেকে গ্রেফতার করা হয়।

ডিবির একটি সূত্র জানিয়েছে, প্রাথমিকভাবে সেহেলার বিরুদ্ধে এ টি এম শামসুজ্জামানে সঙ্গে টাকা-পয়সা লেনদেনের প্রমাণ পাওয়া গেছে।

একই মামলায় কারিগরি শিক্ষা বোর্ডের সিস্টেম অ্যানালিস্ট শামসুজ্জামান, সাবেক কর্মচারী। বর্তমানে শামসুজ্জামানের সনদ তৈরির নিজস্ব কারখানায় নিয়োজিত কম্পিউটারম্যান ফয়সাল হোসেন, গড়াই সার্ভে ইনস্টিটিউটের পরিচালক সানজিদা আক্তার ওরফে কলি, হিলফুল ফুজু নামের কারিগরি প্রতিষ্ঠানের প্রিন্সিপাল সরদার গোলাম মোস্তফা ও যাত্রাবাড়ীর ঢাব পলিটেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের পরিচালক মাকসুদুর রহমানকে গ্রেপ্তার করা হয়েছে তাদের মধ্যে কয়েকজন রিমান্ডে আছেন।
